

## **া** সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৬২

৮/ সাওম (রোজা) (ﷺ) পরিচ্ছেদঃ সাওমের ফ্যীলত।

# باب مَا جَاءَ فِي فَضْلِ الصَّوْمِ

#### আরবী

حَدَّتَنَا عِمْرَانُ بْنُ مُوسَى الْقَزَّازُ، حَدَّتَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ، حَدَّتَنَا عَلِيُّ بْنُ زَيْدٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صِلَى الله عليه وسلم " إِنَّ رَبَّكُمْ يَقُولُ كُلُّ حَسَنَةٍ بِعَشْرِ أَمْتَالِهَا إِلَى سَبْعِمِائَةٍ ضِعْف وَالصَّوْمُ لِي وَأَنَا أَجْزِي بِهِ الصَّوْمُ جُنَّةٌ مِنَ النَّارِ وَلَخُلُوفُ فَمِ الصَّائِمِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ مِنْ رِيحِ الْمِسْكِ وَإِنْ جَهِلَ الصَّوْمُ جُنَّةٌ مِنَ النَّارِ وَلَخُلُوفُ فَمِ الصَّائِمِ أَطْيَبُ عِنْدَ اللَّهِ مِنْ رَبِحِ الْمِسْكِ وَإِنْ جَهِلَ عَلَى أَحَدِكُمْ جَاهِلٌ وَهُو صَائِمٌ فَلْيَقُلُ إِنِي صَائِمٌ ". وَفِي الْبَابِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ وَسَهْلِ عَلَى أَحَدِكُمْ جَاهِلٌ وَهُو صَائِمٌ فَلْيَقُلُ إِنِي صَائِمٌ ". وَفِي الْبَابِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ وَسَهْلِ عَلَى أَحَدِكُمْ جَاهِلٌ وَهُو صَائِمٌ قَلْيَقُلْ إِنِي صَائِمٌ ". وَفِي الْبَابِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ وَسَهْلِ بَنِ عَجْرَةَ وَسَلَامَةَ بْنِ قَيْصَرٍ وَبَشِيرِ ابْنِ الْخَصَاصِيَةِ . وَاسْمُ بَشِيرٍ زَحْمُ بَنْ مَعْبَدُ وَلَخْصَاصِيَة هِيَ أُمُّهُ . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ .

#### বাংলা

৭৬২. ইমরান ইবনু মূসা আল-কাযযায (রহঃ) .... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের রব বলেছেন, প্রতিটি নেক কাজের প্রতিদান হলো দশগুণ থেকে সাতশ গুণ পর্যন্ত। সাওম হলো আমারই জন্য। সুতরাং আমি নিজে এর প্রতিদান দিব। সাওম হলো জাহান্নাম থেকে ঢাল স্বরুপ। সাওম পালনকারীর মুখের গন্ধ আল্লাহর নিকট মিশক আম্বরের গন্ধের চেয়েও অধিক পছন্দনীয়। সাওম পালন অবস্থায় কোন জাহিল (মূর্খ) যদি তোমাদের কারো সাথে মূর্খতা প্রদর্শন করে তবে সে যেন বলে আমি তো সাওম পালন করছি। - তা'লীকুর রাগীব ২/৫৭-৫৮, সহিহ আবু দাউদ ২০৪৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৬৪ আল মাদানী প্রকাশনী

এই বিষয়ে মুআয় ইবনু জাবাল, সাহল ইবনু সা'দ, কাব ইবনু উজরা, সালামা ইবনু কায়সার বাশীর ইবনুল খাসাসিয়া (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। বাশীর (রাঃ) এর নাম হল যাহম ইবনু মাবাদ। খাসাসিয়া হলেন তাঁর মাতা। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ হুরায়রা (রাঃ) বর্ণিত হাদীসটি এই সূত্রে হাসান-গারীব।



### **English**

Abu Hurairah narrated that:

The Messenger of Allah said: "Indeed your Lord said: 'Every good deed is rewarded with ten of the same up to seven hundred times over. Fasting is for Me, and I shall reward for it.' Fasting is a shield from the Fire. The smell coming from the mouth of the one fasting is more pleasant to Allah than the scent of musk. If one of you is abused by an ignorant person while fasting, then let him say: 'Indeed I am fasting.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন